



৪ | সৌদি-আমিরাত
সফরে পুতিন



৭ | যুক্তরাষ্ট্রে পোশাক বিক্রি
বাড়ার পূর্বাভাস

৮ | চেনা রাজ্যে
ফিরছেন রানি



ঢাকা | বর্ষ ১৪ | সংখ্যা ৫২০ | নগর সংস্করণ | দাম ১২ টাকা | www.kalerkantho.com

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ড. আশিক মোসাদ্দিক নতুন উপ-উপাচার্য



ড. আশিক মোসাদ্দিক

ইস্ট ওয়েস্ট
বিশ্ববিদ্যালয়ের
নতুন উপ-উপাচার্য
হয়েছেন অধ্যাপক
ড. আশিক
মোসাদ্দিক।
তিনি গতকাল
সোমবার এ

পদে যোগদান করেন। এর আগে
রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য
মো. সাহাবুদ্দিন তাঁকে চার বছরের
জন্য ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-
উপাচার্য পদে নিয়োগ দেন।

অধ্যাপক আশিক মোসাদ্দিক ইস্ট
ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে যোগ দেওয়ার
আগে বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপ-
উপাচার্য পদে দায়িত্ব পালন করেন।
অধ্যাপক আশিক মোসাদ্দিক
রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি)
ফার্মেসি বিভাগের প্রথম ব্যাচের
শিক্ষার্থী ছিলেন। সেখান থেকে
১৯৯৩ সালে বি ফার্ম ও ১৯৯৪
সালে এম ফার্ম ডিগ্রি অর্জন
করেন। এরপর ১৯৯৮ সালে ওই
বিশ্ববিদ্যালয়েই ফার্মেসি বিভাগে
প্রভাষক হিসেবে যোগদান
করেন।

অধ্যাপক আশিক মোসাদ্দিক
অস্ট্রেলিয়ার সাউদার্ন ক্রস
ইউনিভার্সিটি থেকে ২০০৬ সালে
পিএইচডি ডিগ্রি অর্জন করেন।